গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা

# ২০২২-২৩ অর্থবছরের এপিএ টিমের ১ম সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | একেএম আফতাব হোসেন প্রামানিক<br>অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) ও এপিএ টিম লিডার |
| সভার তারিখ | ১৯ জুলাই ২০২২ খ্রিঃ |
| সভার সময় | সকাল ১০.০০ টা |
| স্থান | শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

২. সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি বলেন যে, ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) কার্যক্রম ইতোমধ্যে শুরু হয়েছে। এপিএ'তে উল্লিখিত কার্যক্রম বাস্তবায়নের ম্যাপিং করার জন্য আজকের সভার আয়োজন করা হয়েছে। তিনি এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও উপসচিব (বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন) জনাব মোঃ নূর-ই-আলম কে সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করার জন্য অনুরোধ জানান।

৩. ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ২০২২-২০২৩ এপিএ নির্দেশিকায় এপিএ টিম কে প্রতি দুই মাস অন্তর অন্তর সভা আয়োজনের নির্দেশনা প্রদান করা হয়েছে। আজকে এ বিভাগের এপিএ টিমের ১ম সভা। তাই এপিএ টিমের সকল সদস্যসহ আওতাধীন দপ্তর/সংস্থার এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে এ সভায় আমন্ত্রণ জানানো হয়েছে। ফোকাল পয়েন্ট কর্মকর্তা আরো বলেন যে, গত ১৪ জুলাই ২০২২ তারিখ এ বিভাগের ২০২১-২২ অর্থবছরের বার্ষিক অর্জন প্রতিবেদন প্রমাণকসহ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। তবে অনেক প্রমাণক শেষ সময়ে পাওয়া যাওয়ায় তথ্য মন্ত্রিপরিষদ বিভাগে নির্দিষ্ট সময়ের মধ্যে পাঠাতে অসুবিধার সম্মুখীন হতে হয়েছে। এ সমস্যা সমাধানকল্পে তিনি ত্রৈমাসিক প্রতিবেদনের সাথে কার্যক্রম বাস্তবায়নের প্রমাণক প্রেরণের জন্য আওতাধীন দপ্তর/সংস্থার এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষন করেন এবং প্রমাণক হিসেবে চাহিত নির্দিষ্ট কাগজপত্র ছাড়া অতিরিক্ত কোন কাগজ না প্রেরণ করার অনুরোধ জানান। পরবর্তীতে তিনি এ বিভাগের ২০২২-২৩ অর্থবছরের এপিএ সভায় উপস্থাপন করেন।

৪. জনাব নজরুল ইসলাম, যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা) ও এপিএ টিম সদস্য বলেন যে, ২০২২-২৩ অর্থবছরের এপিএ'তে অনেকগুলো কার্যক্রম থাকায় এ বিভাগের অনেক উইং/অধিশাখা/শাখা এপিএ'তে তাদের কার্যক্রম কোন্‌টি সে বিষয়ে অবগত থাকেন না। এ সমস্যা সমাধানে তিনি উইং ভিত্তিক কার্যক্রম উদ্ধৃত করে প্রতিটি অনুবিভাগ প্রধানকে পত্র প্রেরণের বিষয়ে সভাপতির দৃষ্টি আকর্ষন করেন।

৪. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও সহকারী পরিচালক জনাব আশেকুল হক বলেন যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অধীনে ইতোপূর্বে ৯টি আঞ্চলিক উপপরিচালক/পরিচালকের দপ্তর, ৬৪টি জেলা শিক্ষা অফিসারের দপ্তর, ৫০১টি উপজেলা/থানা শিক্ষা অফিসারের কার্যালয়, ৩২৯ টি সরকারি কলেজ-কে এপিএ'র আওতায় আনা হয়েছিল। ২০২২-২৩ অর্থবছরে নতুন করে ৩৪৫ টি সরকারি স্কুলকে এপিএ-র অন্তর্ভূক্ত করা হয়েছে। এ

প্রতিষ্ঠানসমূহে এপিএ কার্যক্রম বাস্তবায়নে গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের এপিএ টিমের কর্মকর্তাগণ কর্তৃক পরিদর্শন করা হবে। তিনি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের এপিএ টিমের কর্মকর্তাগণকে সুবিধামতো এ সকল প্রতিষ্ঠানের এপিএ কার্যক্রম পরিদর্শনের অনুরোধ জানান।

৫. সভাপতি আওতাধীন দপ্তর/সংস্থার ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের সাথে সংশ্লিষ্ট প্রমাণকসমূহ দাখিলের অনুরোধ জানান। তিনি বলেন যে, ২০২০-২১ অর্থবছরে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ ৫১টি মন্ত্রণালয়/বিভাগের মধ্যে ২য় স্থান অধিকার করেছে। এ ধারাবাহিকতা বজায় রাখতে হলে প্রথম থেকেই সকলকে প্রচেষ্টা চালাতে হবে। কোন কার্যক্রম সম্পাদনে কোন বিঘ্ন সৃষ্টি হলে তিনি দ্রুত বিষয়টি অবহিত করার অনুরোধ জানান। পরবর্তীতে এ বিভাগের ২০২২-২৩ অর্থবছরের এপিএ এবং সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রম ও কর্মপরিকল্পনার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

**৬. সিদ্ধান্তসমূহ:**

| | |
|---|---|
| ৫.১ | ২০২২-২৩ অর্থবছরের এপিএ'র প্রতি ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের সাথে কার্যক্রম বাস্তবায়নের প্রমাণক নির্দিষ্ট সময়ের মধ্যে প্রেরণ করতে হবে; |
| ৫.২ | ২০২২-২৩ অর্থবছরের এপিএ'র উইং ভিত্তিক কার্যক্রম উদ্ধৃত করে প্রতিটি অনুবিভাগ প্রধানকে পত্র প্রেরণ করতে হবে; |
| ৫.৩ | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত এপিএ নির্দেশিকা ২০২২-২৩ অনুযায়ী আগামী ৩০ আগস্ট ২০২২ তারিখের মধ্যে এপিএ সংশোধনের প্রস্তাব যৌক্তিকতাসহ এ বিভাগে প্রেরণ করতে হবে; |
| ৫.৪ | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয়ের এপিএ বাস্তবায়নে গতিশীলতা বৃদ্ধির লক্ষ্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের এপিএ টিমের কর্মকর্তাগণের পাশাপাশি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের এপিএ টিমের কর্মকর্তাগণ এপিএ'র অন্তর্ভুক্ত প্রতিষ্ঠান পরিদর্শন করবেন; |
| ৫.৫ | ২০২২-২৩ অর্থবছরের এপিএ'র সকল কার্যক্রম বাস্তবায়নে সকলকে সচেষ্ট থাকতে হবে। |

৬. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।



একেএম আফতাব হোসেন প্রামানিক
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) ও এপিএ টিম
লিডার

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৫.০১.০০১.২২.১৫৮

তারিখ: ৭ শ্রাবণ ১৪২৯
২২ জুলাই ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার প্রধান/এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা (সকল)।
২) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
৩) উপসচিব, প্রশিক্ষণ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
৪) উপসচিব, বাজেট শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
৫) উপসচিব, সংসদ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
৬) সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (মূল্যায়ন) শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।

৭) সচিব এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।

৮) প্রোগ্রামার, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।

৯) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।

মোঃ নূর-ই-আলম
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)